ড. আবদুল্লাহ মুহাম্মাদ
(শিশুবিষয়ক গবেষক ও বিশেষজ্ঞ)

# যেভাবে গড়বেন দায়িত্বশীল সন্তান

অনুবাদ
রেদওয়ান সামী

স্বরবর্ণ
প্র কা শ ন

© সর্বস্বত্ব প্রকাশক কর্তৃক সংরক্ষিত।
প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত যেকোনো মাধ্যমে বইটির আংশিক বা সম্পূর্ণ প্রকাশ বা মুদ্রণ একেবারেই নিষিদ্ধ। পিডিএফ আকারেও এর কোনো অংশ কোথাও প্রকাশের অনুমতি নেই।

**“যেভাবে গড়বেন দায়িত্বশীল সন্তান”**

**স্বত্ব :** প্রকাশক

**প্রথম প্রকাশ :** সেপ্টেম্বর ২০২২

**প্রকাশনায় :** স্বরবর্ণ প্রকাশন
দোকান নং : ৩৩-৩৪, ইসলামি টাওয়ার (আন্ডারগ্রাউন্ড), বাংলাবাজার, ঢাকা
✆ ০১৭৮৭০০৭০৩০
**E-mail :** info.shoroborno@gmail.com । **Fb :** fb.com/shorobornopub

**পরিবেশক :**
মাকতাবাতুল হাসান
rokomari.com - wafilife.com

**মুদ্রিত মূল্য : ১২০/- মাত্র**

**প্রচ্ছদ :** মো. আখতারুজ্জামান

**Jevabe Gorben Dayittoshil Sontan**
By Dr. Abdullah Muhammad
Published by : Shoroborno Prokashon
**ISBN :** 978-984-96788-3-0

# উৎসর্গ

দায়িত্বশীল সন্তানদের বাবা, পিতৃতুল্য
আল্লামা সাইয়েদ আহমাদ সাঈদ হাফিজাহুল্লাহু!
আল্লাহ আমাদের উপর আপনার স্নেহের ছায়া দীর্ঘতর করুন!

**যেভাবে গড়বেন দায়িত্বশীল সন্তান**

**মূল** : ড. আবদুল্লাহ মুহাম্মাদ
(শিশুবিষয়ক গবেষক ও বিশেষজ্ঞ)

**অনুবাদ** : রেদওয়ান সামী

**বানান সমন্বয়** : মুনতাসির বিল্লাহ

**পৃষ্ঠাসজ্জা** : মো. আখতারুজ্জামান

**প্রকাশনায়** : স্বরবর্ণ প্রকাশন

# সূচিপত্র


**সন্তানদের কেন দায়িত্বশীল হিসেবে গড়ে তুলবেন?**

দায়িত্বশীলতার গুরুত্ব ....................১২

**যেভাবে গড়ে উঠবে আত্মনির্ভরতা**

হেঁটে চলো ....................২২

গাড়িতে সন্তানের দায়িত্ব কী?....................২৬

**সন্তান কিভাবে মেহমানের দায়িত্ব পালন করবে?**

মেহমান মেজবান....................৩০

সন্তান যেভাবে মেহমানকে অপছন্দ করতে শুরু করে ....................৩২

**সন্তান কিভাবে সময়ের ব্যাপারে দায়িত্বশীল হবে?**

সময়ের মূল্য ....................৩৪

**যার কাজ তারই দায়িত্ব**

তার কাজ তাকেই করতে দিন....................৩৭

সন্তান হোমওয়ার্ক করে দিতে বললে কী করবেন?.................... ৪০

সন্তান যদি একা একা পড়তে না চায়? ....................৪১

সন্তানের শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতি দৃষ্টি রাখুন .................... ৪২

সন্তান কিভাবে একা পথ চলবে? ....................৪৩

শিশু হোক স্বনির্ভর ....................৪৬

**আপনার সন্তান যেভাবে সফল ব্যবসায়ী হবে**

সফল ব্যবসায়ী ....................৫০

## আপনার সন্তান কিভাবে তার ভাইদের প্রতি দায়িত্বশীল হবে?

ছোটো ভাইদের প্রতি দায়িত্বশীলতা ......................................... ৫৬
মা, বাবা ও বোনদের বাস্তব অভিজ্ঞতা ......................................... ৫৮
ভাইবোনদের প্রতি দায়িত্বশীলতা শিক্ষা দেওয়ার কৌশল ..................... ৬০

## সন্তান কুরআন হিফজ করবে খুব সহজে

বলপ্রয়োগের ফল ভালো নয় ......................................... ৬৪

## বেচাকেনাবিষয়ক দায়িত্বশীলতা

আপনার সন্তান যখন সুপার শপে ......................................... ৬৮
প্রথমবার সুপার শপে ......................................... ৬৯
আমি এখন নিশ্চিন্ত ......................................... ৭০

## সন্তান কি দায়িত্বশীলতা থেকে দূরে থাকতে চায়?

দায়িত্বপালনে অনীহ মনোভাব ......................................... ৭২

## একজন কর্মব্যস্ত বাবা কিভাবে সন্তানকে দায়িত্বশীলতা শিক্ষা দেবেন?

কর্মব্যস্ত বাবার দায়িত্বশীল সন্তান ......................................... ৭৬

## টিফিনখরচ-বিষয়ক দায়িত্বশীলতা

কখন থেকে সন্তানকে টিফিনখরচ দেবেন? ......................................... ৮০
সন্তান যদি সপ্তাহ বা মাসের টিফিনখরচ এক দিনেই
খরচ করে ফেলে? কী করবেন তখন? ......................................... ৮১
আপনি কি সন্তানকে ঘরের কাজের বিনিময়ে টাকা দেন? ..................... ৮৪

## 'দায়িত্বপালন' কিভাবে 'উপভোগ্য' করে তুলবেন?

অনিচ্ছাকৃত ভুলের জন্য জবাবদিহি চাইবেন না ................................ ৮৮
দায়িত্বশীলতা সন্তানের অভ্যাসে পরিণত করুন ................................ ৯০
কিছু ক্ষয়ক্ষতির জন্য প্রস্তুত থাকুন ......................................... ৯১

# সন্তানদের কেন দায়িত্বশীল হিসেবে গড়ে তুলবেন?



# দায়িত্বশীলতার গুরুত্ব

দায়িত্বশীলতা আমাদের পৌঁছে দেয় সাফল্যের অনন্য উচ্চতায়। এই দায়িত্বশীলতার অভাবই আবার আমাদের সফলতার পেছনে অনেক বড় অন্তরায় হয়ে দেখা দেয়। সুতরাং দায়িত্বশীলতাকে গুরুত্ব দেওয়া আমাদের জন্য খুবই জরুরি একটি বিষয়।

'আমাদের ছোটো ছোটো সন্তানদেরও কি দায়িত্বশীলতা আছে? ওরা তো ছোটো! ওরা আর এসবের কী বোঝে!'

**শ্রদ্ধেয় বাবা-মা!** আপনি এমনটা ভাবছেন কি? ভাবছেন হয়তো! দায়িত্বশীলতা মানুষের মাঝে এক দিনেই তৈরি হয়ে যায় না। এটি চর্চার বিষয়। তাই শৈশব থেকেই ধীরে ধীরে আপনার সন্তানকে দায়িত্বশীল হিসেবে গড়ে তুলুন। তবেই সে বড় হয়ে দায়িত্বশীল মানুষ হতে পারবে। ছোটো ছোটো দায়িত্ব পালন করেই সে ধীরে ধীরে প্রস্তুত হবে জীবনের বড় বড় দায়িত্বগুলো পালনের জন্য।

**শ্রদ্ধেয় বাবা-মা!** আপনার সন্তান হয়তো বুঝবে না; দায়িত্বশীলতা কী? তাই দৈনন্দিন জীবনের বিভিন্ন কাজ থেকে তাদের দায়িত্বশীলতা বুঝিয়ে বলুন। যেমন: তার কোনো সফলতার পেছনে কীভাবে দায়িত্বশীলতার অবদান ছিল, তা তাকে দেখিয়ে দিন। পরীক্ষায় ভালো ফলাফল করলে তাকে বলুন, সে দায়িত্বশীলতার সাথে পড়ালেখা, হোমওয়ার্ক করেছে বলেই তার ফলাফলও ভালো হয়েছে। কিংবা ফলাফল খারাপ হলে বলুন, পড়ালেখার বিষয়ে তার যতটুকু দায়িত্বশীল হওয়ার কথা ছিল, সে ততটুকু দায়িত্বশীল ছিল না, তার ততটুকু চেষ্টা ছিল না। এর মাধ্যমে সে বুঝতে পারবে, কোনো কাজের সফলতার পেছনে দায়িত্বশীলতার গুরুত্ব কী!

অনেক বাবা-মা হয়তো ভাবছেন, সন্তানদের দেখভালের জন্য আমরা তো আছিই, তাহলে তাদের দায়িত্বশীল বানানোর প্রয়োজন কী?

সন্তানদের দায়িত্বশীল হিসেবে গড়ে তোলার অনেক কারণ আছে। নিম্নলিখিত আলোচনায় আমরা সেগুলোই জানার চেষ্টা করব; কেন আমরা তাদের দায়িত্বশীল করে গড়ে তুলব।

**প্রথম কারণ: আমাদের সন্তানরা যেন ভবিষ্যৎজীবনে সফল হয়!**

ইউসুফ আ.। পূর্ববর্তী একজন নবী। একদিন তিনি একটি স্বপ্ন দেখলেন। তখন তিনি একেজন বালক মাত্র। তাই স্বপ্নের তাৎপর্য তিনি বুঝতে পারলেন না।

তার আরো কজন ভাই ছিল। সৎভাই। তারা তাকে খুব হিংসা করত। ছোট্ট ইউসুফ তাই তার স্বপ্নের কথা ভাইদের বললেন না। বললেন তার বাবা ইয়াকুব আ.-কে। বাবা শুনলেন তার স্বপ্নের বিবরণ। তারপর তাকে বলে দিলেন, স্বপ্নের ব্যাপারে দায়িত্বশীল হতে; বারণ করে দিলেন স্বপ্নের কথা অন্য কাউকে বলতে।

ইউসুফ আ. বাবার কথামতো তা-ই করলেন। কাউকে বললেন না তার স্বপ্নের বিবরণ।

এর পর অনেক বছর অতিবাহিত হয়ে গেল। ইউসুফ আ. বড় হলেন। শৈশব-কৈশোর পেরিয়ে যৌবনে পদার্পণ করলেন। একদিন তিনি দেখা করলেন মিশরের প্রধানমন্ত্রীর সঙ্গে। তখন মিশরে দুর্ভিক্ষ চলছিল। ইউসুফ আ. তাকে বললেন, মিশরের খাদ্য বিভাগের দায়িত্ব আমাকে দিন। আমি এই দুর্ভিক্ষ মোকাবিলা করতে পারব। কেননা আমি একজন অভিজ্ঞ এবং দায়িত্বশীল ব্যক্তি।

এভাবে ইউসুফ আ. তার দায়িত্বশীলতার কথা প্রকাশ করেছিলেন। মিশরের খাদ্যমন্ত্রীর দায়িত্ব নিয়েছিলেন। কেননা তিনি নিজের প্রতি আস্থাশীল ছিলেন। তিনি বুঝেছিলেন, এই দায়িত্ব তিনি পালন করতে পারবেন। আর পারবেন নাই-বা কেন, শৈশবে তার বাবা তো তাকে দায়িত্বশীলতা শিক্ষা দিয়েছেন। শৈশবে বাবা তাকে স্বপ্নের কথা প্রকাশ করতে নিষেধ করেছিলেন। তিনি প্রকাশ করেননি। দায়িত্বশীলতার পরিচয় দিয়েছেন। স্বপ্নের গোপনীয়তা রক্ষা করেছেন। তাই বড় হয়ে তিনি মিশরের খাদ্য মন্ত্রণালয় রক্ষা করেছেন। আত্মবিশ্বাসের সঙ্গে দায়িত্ব নিতে পেরেছেন। এখানেও তিনি দায়িত্বশীলতার পরিচয় দিয়েছেন।